

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা অনুবিভাগ
ঢাকা

নং-১৯.০০.০০০০.৮১০.৩১.০০১.১৯- ২৫

২৩ মার্চ ২০২২

প্রেরকঃ আবদুল লতিফ ফকির
সহকারী সচিব (গবেষণা)

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)
১/৪৬, পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)-এর উর্ধতন গবেষণা ফেলো ডঃ সুফিয়া খানম এবং গবেষণা কর্মকর্তা জনাব রোবেল মোল্লার শ্রীলংকায় অনুষ্ঠিতব্য 'BIMSTEC Roundtable Conference' এ যোগদানের সরকারী মঞ্জুরী জ্ঞাপন।

জনাব,

আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)-এর উর্ধতন গবেষণা ফেলো ডঃ সুফিয়া খানম এবং গবেষণা কর্মকর্তা জনাব রোবেল মোল্লার India Foundation, New Delhi-এর উদ্যোগে কলম্বো, শ্রীলংকাতে অনুষ্ঠিতব্য 'BIMSTEC Roundtable Conference'- এ যোগদানের নিমিত্তে আগামী ৩১ মার্চ ২০২২ হতে ০১ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত নিম্নশর্তিত শর্তসাপেক্ষে শ্রীলংকা ভ্রমণের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছি।

- ক) ভ্রমণকালীন বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS) এর উর্ধতন গবেষণা ফেলো ডঃ সুফিয়া খানম এবং গবেষণা কর্মকর্তা জনাব রোবেল মোল্লার সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন।
- খ) বিধি মোতাবেক এবং প্রাপ্যতা সাপেক্ষে বর্ণিত কর্মকর্তাগণ বিমান ভাড়া (ঢাকা-কলম্বো-ঢাকা), বহির্গমনের জন্য নির্ধারিত, হারে টার্মিনাল চার্জ, ট্রানজিট ভাতাসহ অন্যান্য ভাতা প্রাপ্য হবেন, যা বিআইআইএসএস-এর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা হবে।
- গ) ডঃ সুফিয়া খানম এবং জনাব রোবেল মোল্লার আগামী ২৮ মার্চ ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে শ্রীলংকার উদ্দেশ্যে ঢাকা তাগ করবেন এবং সম্মেলন শেষে আগামী ০২ এপ্রিল ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন।
- ঘ) জরুরী অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবেন না।

৩. যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হ'ল।

আবদুল লতিফ ফকির
সহকারী সচিব (গবেষণা)
ফোনঃ ২২২৩৩৮২৫০৪
e-mail: asresearch@mofa.gov.bd

অনুলিপি-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিঃ/সহকারী সচিব (বাজেট/ক্যাশ/আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭। ডঃ সুফিয়া খানম, উর্ধতন গবেষণা ফেলো, বিআইআইএসএস, ঢাকা।
- ৮। জনাব রোবেল মোল্লার, গবেষণা কর্মকর্তা, বিআইআইএসএস, ঢাকা।
- ৯। অফিস কপি।

আবদুল লতিফ ফকির
সহকারী সচিব (গবেষণা)